

অভিবাসী পরিবারগুলির জন্য সংস্থান

আপনি যদি একজন অভিবাসী পরিচর্যাকারী হন (মা-বাবা, আইনসম্মত অভিভাবক, আইনসম্মত তত্ত্বাবধায়ক বা অন্য আত্মীয়) যিনি এই ব্যাপারে উদ্বিগ্ন যে অভিবাসন বলবৎকরণের কারণে আপনাকে আপনার সন্তানের থেকে আলাদা করে দেওয়া হতে পারে, তাহলে আপনি ভবিষ্যতের পরিকল্পনা করতে সাহায্য পেতে পারেন, এইভাবে:

- উপদেশ ও তথ্যের জন্য একটি বিনামূল্য ও বিশ্বস্ত **আইনি পরিষেবা প্রদানকারীর** সঙ্গে যোগাযোগ করা।
- আপনি যদি আপনার শিশুর দেখাশোনা করতে অক্ষম হন সেই ক্ষেত্রে একজন **স্ট্যান্ডবাই অভিভাবক** নির্বাচন করা, যিনি “ব্যাকআপ” পরিচর্যাকারী নামেও পরিচিত।
- **জরুরি যোগাযোগের** একজন ব্যক্তিকে বেছে নেওয়া এবং তার ফোন নম্বর মুখস্থ করা। এই ব্যক্তি আপনার বিশ্বস্ত একজন হওয়া উচিত, আপনার আইনজীবীর মতো কোনো মানুষ সমেত।
- আপনার শিশুর স্কুলে **জরুরি যোগাযোগের** তথ্য আপডেট করা।

স্ট্যান্ডবাই অভিভাবক স্থির করতে সহায়তা সহ বিনামূল্যের ও গোপনীয় অভিবাসন আইনি সহায়তার জন্য, অভিবাসী নিউ ইমর্কবাসীরা সোমবার - শুক্রবার সকাল 9টা থেকে সন্ধ্যা 6টার মধ্যে ActionNYC-কে 1-800-354-0365 নম্বরে বা 311 নম্বরে ফোন করে "ActionNYC" বলতে পারেন। গ্রাহকদের থেকে অনৈতিক সুবিধা গ্রহণকারী অভিবাসন পরিষেবা প্রদানকারীদের থেকে সাবধান থাকুন। শুধুমাত্র বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি অথবা সর্বজনস্বীকৃত প্রতিনিধির থেকে সহায়তা গ্রহণ করুন।



প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন

একজন স্ট্যান্ডবাই অভিভাবক কে?

যদি প্রাথমিক পরিচর্যাকারীকে গ্রেপ্তার করা বা অভিবাসন কর্তৃপক্ষদের দ্বারা আটক বা দেশে ফেরত পাঠানোর কারণে তিনি বাচ্চাদের পরিচর্যা করতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে একজন "স্ট্যান্ডবাই অভিভাবক" হলেন এমন একজন ব্যক্তি যিনি "ব্যাকআপ" পরিচর্যাকারী হিসেবে কাজ করেন।

একজন স্ট্যান্ডবাই অভিভাবক বেছে নিলে কি পিতামাতা হিসেবে আমার অধিকারগুলি প্রভাবিত হবে?

না। একজন স্ট্যান্ডবাই অভিভাবক বেছে নেওয়া আর পিতামাতার অধিকারগুলি পরিত্যাগ করা সমান নয়। স্ট্যান্ডবাই অভিভাবক স্বধুমাত্র তখনই কার্যকর হয় যখন একজন পিতামাতা তাদের সন্তানের থেকে আলাদা হয়ে যান।

স্ট্যান্ডবাই অভিভাবকদের কী কী ক্ষমতা আছে? আমার কেন একজনকে বেছে নেওয়া উচিত?

স্ট্যান্ডবাই অভিভাবকদের ক্ষমতা আছে তাদের পরিচর্যায় থাকা একজন শিশুর জন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার, যার অন্তর্ভুক্ত হল গুরুতর চিকিৎসাগত সিদ্ধান্ত এবং শিশুটি কোথায় স্থলে যায় সেই বিষয়ে সিদ্ধান্ত। একজন স্ট্যান্ডবাই অভিভাবক বেছে নেওয়া ঐচ্ছিক, এবং পিতামাতা হিসেবে আপনার অধিকারগুলিকে প্রভাবিত করবে না।

অভিবাসন বলবৎকরণ যদি আপনাকে গ্রেপ্তার করে, আটক করে বা দেশে ফেরত পাঠায় সেই ক্ষেত্রে একজন স্ট্যান্ডবাই অভিভাবক আপনার শিশুর জন্য আপনাকে একটি পরিকল্পনা প্রদান করেন। একজন স্ট্যান্ডবাই অভিভাবক বেছে নিলে সুনিশ্চিত করতে সাহায্য হবে যে আপনার শিশু নিরাপদ আছে এবং যে ব্যক্তি তার দেখাশোনা করছেন তার আপনার শিশুর জন্য সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় সমস্ত ক্ষমতা আছে।

আপনি যদি একজন স্ট্যান্ডবাই অভিভাবক বেছে নিতে স্বচ্ছন্দ না হন, তাহলে অভিবাসন বলবৎকরণের ক্ষেত্রে আপনার শিশুর নিরাপদে থাকা সুনিশ্চিত করার জন্য আপনি অন্য আইনি বিকল্পগুলি বিবেচনা করতে পারেন। আরও জানতে, একজন বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি অথবা সর্বজনস্বীকৃত প্রতিনিধির সঙ্গে কথা বলুন।

আমি যদি একজন স্ট্যান্ডবাই অভিভাবক বেছে না নিই, এবং আমাকে গ্রেপ্তার, আটক করা হয় বা দেশে ফেরত পাঠানো হয়, তাহলে কী হবে?

সাধারণভাবে বললে, আপনার শিশুকে এমন কারও কাছে রাখা হবে যিনি তাকে হেফাজতে রাখতে পারেন, পালনকারীর পরিচর্যায় রাখা হবে না।

তবে সেই ব্যক্তিটি যদি একজন স্ট্যান্ডবাই অভিভাবক না হন, তাহলে শিশুটির জন্য চিকিৎসাগত সিদ্ধান্ত সমেত, গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার তার ক্ষমতা সীমিত হবে।

আমার কাকে একজন স্ট্যান্ডবাই অভিভাবক হিসেবে বেছে নেওয়া উচিত?

আপনার এমন কাউকে বেছে নেওয়া উচিত যাকে আপনি আপনার শিশুর যত্ন নেওয়ার ব্যাপারে বিশ্বাস করেন।

স্ট্যান্ডবাই অভিভাবক হওয়ার জন্য অভিবাসনের অবস্থার কোনো আবশ্যিকতা নেই। তবে অন্যান্য সুনির্দিষ্ট আবশ্যিকতাগুলি আছে, তাই তার সন্তানের জন্য কাকে স্ট্যান্ডবাই অভিভাবক হিসেবে বেছে নেওয়া উচিত সেই বিষয়ে আলোচনা করার জন্য আগ্রহী পরিচর্যাকারীর উচিত একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করা।

কে আমার শিশুর যত্ন নেবেন তা বেছে নেওয়ার জন্য অন্য আইনি বিকল্প আছে কি?

অভিবাসী পরিচর্যাকারীদের ভবিষ্যতের পরিকল্পনা করতে সাহায্য করার জন্য অতিরিক্ত বিকল্পগুলি থাকতে পারে, এবং আরও আলোচনা করার জন্য একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করা উচিত।

